

# জুলাই গণঅভ্যুত্থানে আহত শিক্ষার্থীদের সম্মাননা দিল বরিশাল বিশ্ববিদ্যালয়

ববি প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

জুলাই গণঅভ্যুত্থানের স্মরণে মাসব্যাপী নানা আয়োজনের অংশ হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) আহত শিক্ষার্থীদের সম্মাননা প্রদান করা হয়েছে। সোমবার (২৮ জুলাই) বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে এ সম্মাননার আয়োজন করে আয়োজক কমিটি।

বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের শিক্ষার্থী নওরীন শামীমার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম।



## ববির বাজেট বৃদ্ধির দাবিতে ছাত্র কাউন্সিলের সমাবেশ ও স্মারকলিপি

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আয়োজক কমিটির  
আহ্বায়ক ও মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সহযোগী  
অধ্যাপক ড. ফেরদৌসী জামান তনু।

এ ছাড়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দিন,  
জীববিজ্ঞান অনুষদের ডিন ড. হাফিজ আশরাফুল হক এবং  
সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান আবু জিহাদ।

এ সময় রসায়ন বিভাগের শিক্ষার্থী মো. আরিফ, মুক্তিকা ও  
পরিবেশ বিজ্ঞান বিভাগের হাসনাত আবুল আলা, আইন বিভাগের  
সিরাজুল ইসলাম, ইংরেজি বিভাগের সুমাইয়া খাতুন এবং গণিত  
বিভাগের ফরহাদ হোসেন আন্দোলনের নানা দিক তুলে ধরে  
স্মৃতিচারণ করেন।

অনুষ্ঠানের শেষের দিকে উপাচার্য ও অন্যান্য অতিথিরা আহত  
শিক্ষার্থীদের হাতে সম্মাননা ফ্রেস্ট তুলে দেন।